গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
আন্তঃবাহিনী জনসংযোগ পরিদপ্তর (আইএসপিআর)
প্রতিরক্ষা মন্ত্রণালয়
পুরাতন সদর দপ্তর লগ এরিয়া
ঢাকা সেনানিবাস, ঢাকা-১২০৬
ফ্যাক্স- ৯৮৩৩৫৬২
ই-মেইল:isprdte@gmail.com

স্মারক নং ২৩.১৬.০০০০.০০২.১১.০০১.২০/ তারিখ: ২৩-০৮-২০২০

# নিয়োগ বিজ্ঞপ্তি

প্রতিরক্ষা মন্ত্রণালয়ের স্মারক নং ২৩.০০.০০০০.০৫০.১১.০০১.২০-৫১; তারিখ : ০১ মার্চ ২০২০ এর মাধ্যমে শূন্য পদে লোক নিয়োগের ছাড়পত্র প্রদানের প্রেক্ষিতে আন্তঃবাহিনী জনসংযোগ পরিদপ্তর (আইএসপিআর)-এর নিম্নবর্ণিত রাজস্ব খাতভুক্ত শূন্য পদসমূহে নিয়োগের নিমিত্তে বাংলাদেশের প্রকৃত নাগরিকদের নিকট হতে নিম্নবর্ণিত শর্ত সাপেক্ষে Online -এ নির্ধারিত ফরমে দরখাস্ত আহবান করা যাচ্ছেঃ-

| ক্রঃ নং | পদের নাম | শূন্য পদের সংখ্যা | বেতন স্কেল এবং গ্রেড (জাতীয় বেতন স্কেল ২০১৫ অনুযায়ী) | প্রয়োজনীয় যোগ্যতা | যে সকল জেলার প্রার্থীদের আবেদন করার প্রয়োজন নেই |
|---|---|---|---|---|---|
| (১) | (২) | (৩) | (৪) | (৫) | (৬) |
| ১। | সাঁটলিপিকার কাম কম্পিউটার অপারেটর (পিএ) | ১টি | ১১০০০-২৬৫৯০/- গ্রেড-১৩ | (ক) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএতে স্নাতক বা সমমানের ডিগ্রি;<br><br>(খ) কম্পিউটার ব্যবহারে দক্ষতা; এবং<br><br>(গ) সাঁটলিপি লিখনে ইংরেজিতে সর্বনিম্ন গতি (প্রতি মিনিটে) ৮০ শব্দ এবং বাংলায় সর্বনিম্ন গতি (প্রতি মিনিটে) ৫০ শব্দ। | ঢাকা, নরসিংদী, রাজবাড়ী, ফরিদপুর, ময়মনসিংহ, নেত্রকোনা, চট্টগ্রাম, নোয়াখালী, খুলনা, হবিগঞ্জ, সিরাজগঞ্জ, পটুয়াখালী ও বরগুণা জেলা। তবে এতিম ও শারীরিক প্রতিবন্ধী কোটায় সকল জেলার প্রার্থীগণ আবেদন করতে পারবেন। |
| ২। | অফিস সহায়ক | ১টি | ৮২৫০-২০০১০/- গ্রেড-২০ | কোন স্বীকৃত বোর্ড হইতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ । | নারায়ণগঞ্জ, কিশোরগঞ্জ, কুমিল্লা, পটুয়াখালী ও রংপুর জেলা । তবে এতিম ও শারীরিক প্রতিবন্ধী কোটায় সকল জেলার প্রার্থীগণ আবেদন করতে পারবেন। |

আবেদনের শর্তাবলি ঃ

০১। সাঁটলিপিকার কাম কম্পিউটার অপারেটর (পিএ) পদে প্রার্থীর বয়সসীমা ০১-০৮-২০২০ তারিখে ১৮-৩০ বছরের মধ্যে হতে হবে। তবে বিভাগীয় প্রার্থীদের ক্ষেত্রে বয়সসীমা ৪০ (চল্লিশ) বছর পর্যন্ত শিথিলযোগ্য। বিভাগীয় প্রার্থী অর্থ এরুপ কর্মচারী যিনি সংশ্লিষ্ট অধিদপ্তর বা পরিদপ্তর বা দপ্তর এর রাজস্ব খাতে সৃষ্ট পদে অন্যূন ২ (দুই) বৎসর স্থায়ী বা অস্থায়ীভাবে চাকুরিরত।

০২। অফিস সহায়ক পদে প্রার্থীর বয়সসীমা ০১-০৮-২০২০ তারিখে ১৮-৩০ বছরের মধ্যে হতে হবে।

০৩। মুক্তিযোদ্ধা/মুক্তিযোদ্ধার সন্তানের (পুত্র/কন্যা) ক্ষেত্রে এবং শারীরিক প্রতিবন্ধী প্রার্থীদের ক্ষেত্রে বয়সসীমা ১৮-৩২ বছরের মধ্যে হতে হবে ।

০৪। মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার পুত্র-কন্যার পুত্র-কন্যাদের ক্ষেত্রে বয়স ১৮ হতে ৩০ বছর ।

০৫। বয়সের ক্ষেত্রে কোনো এফিডেভিট গ্রহণযোগ্য নয়।

০৬। পূরনকৃত Application Form সহ সকল সনদের মূলকপি ৯ম গ্রেড (প্রথম শ্রেণী) বা তদুর্ধ পর্যায়ের সরকারি কর্মকর্তা কর্তৃক সত্যায়িত একসেট ফটোকপি মৌখিক পরীক্ষার সময় দাখিল করতে হবে। এছাড়া, মৌখিক পরীক্ষার সময় নিম্নবর্ণিত সনদপত্রের মূলকপি দাখিল করতে হবে ঃ

(ক) স্থায়ী ঠিকানার স্বপক্ষে সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/পৌরসভার মেয়র/সিটি করপোরেশনের ওয়ার্ড কমিশনার কর্তৃক নিজ জেলা উল্লেখপূর্বক নামীয় সীল মোহরসহ প্রদত্ত নাগরিকত্ব সনদপত্র;

(খ) শিক্ষাগত যোগ্যতার সকল মূল/সাময়িক সনদ (প্রশংসাপত্র/মার্কসীট গ্রহণযোগ্য নয়);

(গ) ৯ম গ্রেড (প্রথম শ্রেণী) বা তদুর্ধ পর্যায়ের সরকারি কর্মকর্তা কর্তৃক প্রদত্ত চারিত্রিক সনদপত্র;

(ঘ) জাতীয় পরিচয় পত্র/জন্ম নিবন্ধন সনদপত্র ;

(ঙ) মুক্তিযোদ্ধা কোটায় আবেদনকারী প্রার্থীর ক্ষেত্রে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার কর্তৃক সর্বশেষ সিদ্ধান্ত অনুযায়ী মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় কর্তৃক জারীকৃত প্রজ্ঞাপন অনুযায়ী মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার পুত্র-কন্যার পুত্র-কন্যা হিসেবে চাকুরীর আবেদনপত্রের সঙ্গে তাঁদের পিতার পিতা/পিতার মাতা/মাতার পিতা/মাতার মাতা (প্রযোজ্য ক্ষেত্রে) এর মুক্তিযোদ্ধা সার্টিফিকেট, যা যথাযথভাবে উপযুক্ত কর্তৃপক্ষ কর্তৃক স্বাক্ষরিত ও প্রতিস্বাক্ষরিত হতে হবে;

(চ) প্রার্থী মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার পুত্র-কন্যার পুত্র-কন্যা হলে আবেদনকারী যে মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার পুত্র-কন্যার পুত্র-কন্যা-এ মর্মে সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/সিটি কর্পোরেশনে ওয়ার্ড কাউন্সিলর/পৌরসভার মেয়র/কাউন্সিলর কর্তৃক প্রদত্ত সনদ;

(ছ) এতিম ও শারীরিক প্রতিবন্দী প্রার্থীর ক্ষেত্রে জেলা সমাজসেবা কার্যালয় কর্তৃক প্রদত্ত সনদপত্র/পরিচয়পত্র;

(জ) ক্ষুদ্র নৃ-গোষ্ঠী প্রার্থীদের ক্ষেত্রে সংশ্লিষ্ট জেলা প্রশাসক কর্তৃক প্রদত্ত ক্ষুদ্র নৃ-গোষ্ঠী পরিচয় বিষয়ক সনদপত্র;

(ঝ) সাঁটলিপিকার কাম কম্পিউটার অপারেটর (পিএ) পদে আবেদনকারী প্রার্থীদের ক্ষেত্রে সরকার কর্তৃক অনুমোদিত প্রতিষ্ঠান হতে সাঁটলিপি লিখনে গতি সম্পর্কিত সনদপত্র;

০৭। সরকারি/আধা-সরকারি/স্বায়ত্ত্বশাসিত সংস্থায় চাকরিরত প্রার্থীদেরকে অবশ্যই যথাযথ কর্তৃপক্ষের অনুমতি পত্র মৌখিক পরীক্ষার সময় দাখিল করতে হবে।

০৮। সরকারের সর্বশেষ জারীকৃত পরিপত্র/নীতিমালা অনুযায়ী কোটা সম্পর্কিত সকল বিধি-বিধান যথাযথভাবে অনুসরণ করা হবে।

০৯। কোনো তথ্য গোপন করে বা ভুল তথ্য প্রদান করে চাকরিতে নিয়োগপ্রাপ্ত হলে এবং তা প্রমাণিত হলে পরবর্তীতে যেকোনো সময় সংশ্লিষ্ট প্রার্থীর নিয়োগাদেশ বাতিলসহ তাঁর বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।

১০। লিখিত/মৌখিক/ব্যবহারিক পরীক্ষায় (প্রযোজ্য ক্ষেত্রে) অংশগ্রহণের জন্য প্রার্থীদের কোনো প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না।

১১। যে কোনো ধরণের তদবির বা ব্যক্তিগত যোগাযোগ প্রার্থীর অযোগ্যতা হিসেবে বিবেচিত হবে।

১২। কোনো কারণ দর্শানো ব্যতিরেকে যুক্তিসঙ্গত কারণে যে কোনো প্রার্থীর আবেদনপত্র বাতিলের অধিকার কর্তৃপক্ষ সংরক্ষণ করেন।

১৩। কর্তৃপক্ষ উল্লিখিত পদের সংখ্যা হ্রাস/বৃদ্ধি ও বিজ্ঞপ্তি বাতিল অথবা প্রয়োজনবোধে যে কোনো পরিবর্তন বা পরিবর্ধন করার ক্ষমতা সংরক্ষণ করেন ।

১৪ । এ নিয়োগ সংক্রান্ত বিষয়ে নিয়োগকারী কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

**১৫। আবেদনপত্র পূরণ সংক্রান্ত শর্তাবলিঃ**

ক। **পরীক্ষায় অংশগ্রহণে ইচ্ছুক প্রার্থীগণ http://ispr.teletalk.com.bd ওয়েবসাইটে প্রবেশ করে আবেদন ফরম পূরণ করতে পারবেন। আবেদনের সময়সীমা নিম্নরূপঃ**

i. Online -এ আবেদনপত্র পূরণ ও পরীক্ষার ফি জমাদান শুরুর তারিখ ও সময়: ৩১-০৮-২০২০ খ্রি: সকাল ১০.০০ ঘটিকা।

ii. Online -এ আবেদনপত্র জমাদানের শেষ তারিখ ও সময়: ২৪-০৯-২০২০ খ্রি: বিকাল ০৫.০০ ঘটিকা পর্যন্ত।

উক্ত সময়সীমার মধ্যে User ID প্রাপ্ত প্রার্থীগণ Online -এ আবেদনপত্র Submit -এর সময় থেকে পরবর্তী ৭২ (বাহাত্তর) ঘন্টার মধ্যে এসএমএস এর মাধ্যমে পরীক্ষার ফি জমা দিতে পারবেন।

খ। Online -আবেদনপত্রে প্রার্থী তাঁর রঙ্গিন ছবি (দৈর্ঘ্য ৩০০× প্রস্থ ৩০০) pixel ও স্বাক্ষর (দৈর্ঘ্য ৩০০× প্রস্থ ৮০) pixel স্ক্যান করে নির্ধারিত স্থানে Upload করবেন। ছবির সাইজ সর্বোচ্চ 100KB ও স্বাক্ষরের সাইজ সর্বোচ্চ 60KB হতে হবে।

গ। Online -আবেদনপত্রে পূরণকৃত তথ্যই যেহেতু পরবর্তী সকল কার্যক্রমে ব্যবহৃত হবে, সেহেতু Online -এ আবেদনপত্র Submit করার **পূর্বেই পূরণকৃত সকল তথ্যের সঠিকতা সম্পর্কে প্রার্থী নিজে শতভাগ নিশ্চিত হবেন। পুনঃপূরণকৃত সকল তথ্যের সঠিকতা সম্পর্কে প্রার্থী নিজে শতভাগ নিশ্চিত হবেন।**

ঘ। প্রার্থী Online -এ পূরণকৃত আবেদনপত্রের একটি প্রিন্টকপি পরীক্ষা সংক্রান্ত যে কোন প্রয়োজনে সহায়ক হিসেবে সংরক্ষণ করবেন।

ঙ। SMS প্রেরণের নিয়মাবলি ও পরীক্ষার ফি প্রদান: Online -এ আবেদনপত্র (Application Form) যথাযথভাবে পূরণ করে নির্দেশনা মতো ছবি এবং Signature upload করে আবেদনপত্র Submit করা সম্পন্ন হলে কম্পিউটারে ছবিসহ Application Preview দেখা যাবে। নির্ভুলভাবে আবেদনপত্র Submit করা সম্পন্ন প্রার্থী একটি User ID, ছবি এবং স্বাক্ষরযুক্ত একটি Applicant's copy পাবেন। উক্ত Applicant's copy প্রার্থী প্রিন্ট অথবা Download করে সংরক্ষণ করবেন। Applicant's কপিতে একটি User ID নম্বর দেয়া থাকবে এবং User ID নম্বর ব্যবহার করে প্রার্থী নিম্নোক্ত পদ্ধতিতে যে কোন Teletalk pre-paid mobile নম্বরের মাধ্যমে ০২ (দুই) টি এসএমএস করে পরীক্ষার ফি বাবদ ০১ নং পদের জন্য ১০০/- (একশত) টাকা সরকারী কোষাগারে জমা করার নিমিত্তে সার্ভিস চার্জ ১২/- (বার) টাকাসহ মোট ১১২/- (একশত বার) টাকা এবং ০২ নং পদের জন্য ৫০/- (পঞ্চাশ) টাকা সরকারী কোষাগারে জমা করার নিমিত্তে সার্ভিস চার্জ ৬/- (ছয়) টাকাসহ মোট ৫৬/- (ছাপ্পান্ন) টাকা অবশ্যই অনধিক ৭২ (বাহাত্তর) ঘন্টার মধ্যে জমা দিবেন। **বিশেষভাবে উল্লেখ্য, "Online -এ আবেদনপত্রের সকল অংশ পূরণ করে Submit করা হলেও পরীক্ষার ফি জমা না দেয়া পর্যন্ত Online আবেদনপত্র কোন অবস্থাতেই গৃহীত হবে না"।**

প্রথম: SMS: ISPR< space > User ID লিখে Send করতে হবে 16222 নম্বরে।

Example: ISPR ABCDEF

Reply: Applicant's Name, Tk---------will be charged as application fee. Your PIN is 12345678. To pay fee Type ISPR <space> Yes <space> PIN and Send to 16222.

দ্বিতীয়: SMS: ISPR<space> Yes <space> PIN লিখে Send করতে হবে 16222 নম্বরে।

Example: ISPR YES 12345678.

Reply: Congratulations Applicant's Name, payment completed successfully for ISPR Application for xxxxxxxxxxxxxx User ID is (ABCDEF) and Password (xxxxxxxx).

চ। প্রবেশপত্র প্রাপ্তির বিষয়টি http://ispr.teletalk.com.bd অথবা ISPR পরিদপ্তরের Website: www.ispr.gov.bd এ এবং প্রার্থীর মোবাইল ফোনে এসএমএস এর মাধ্যম (শুধু যোগ্য প্রার্থীদেরকে) যথাসময়ে জানানো হবে। অনলাইন আবেদনপত্রে প্রার্থীর প্রদত্ত মোবাইল ফোনে পরীক্ষা সংক্রান্ত যাবতীয় যোগাযোগ সম্পন্ন করা হবে বিধায় উক্ত নম্বরটি সার্বক্ষনিক সচল রাখা, SMS Read করা এবং প্রাপ্ত নির্দেশনা তাৎক্ষনিকভাবে অনুসরণ করা বাঞ্চনীয়।

ছ। SMS-এ প্রেরিত User ID এবং Password ব্যবহার করে পরবর্তীতে রোল নম্বর, পদের নাম, ছবি, পরীক্ষার তারিখ, সময় ও ভেন্যুর নাম ইত্যাদি তথ্য সম্বলিত প্রবেশপত্র প্রার্থী Download পূর্বক Print (অবশ্যই রঙ্গিন) করে নিবেন। প্রার্থী এই প্রবেশপত্রটি লিখিত পরীক্ষায় অংশগ্রহণের সময় এবং লিখিত পরীক্ষায় উত্তীর্ণ হলে ব্যবহারিক (প্রযোজ্য ক্ষেত্রে) ও মৌখিক পরীক্ষার সময় অবশ্যই প্রদর্শন করবেন।

জ। শুধু টেলিটক প্রি-পেইড মোবাইল ফোন থেকে প্রার্থীগণ নিম্নেবর্ণিত SMS পদ্ধতি অনুসরণ করে নিজ নিজ User ID, Serial এবং PIN পুনরুদ্ধার করতে পারবেন।

i. User ID জানা থাকলে ISPR <space> Help <space> User <space> User ID and Send to 16222.

Example: ISPR HELP USER ABCDEF

ii. PIN Number জানা থাকলে: ISPR <space> Help <space> PIN <space> PIN No and Send to 16222.

Example: ISPR HELP PIN 12345678

(ঝ) Online-এ আবেদন করতে কোন সমস্যা হলে যেকোনো টেলিটক নম্বর থেকে 121 (Helpline) নম্বরে কল করে অথবা 'vas.query@teletalk.com.bd' ই মেইলে যোগাযোগ করা যাবে।

১৬। এই নিয়োগ বিজ্ঞপ্তি www.ispr.gov.bd ওয়েবসাইটে পাওয়া যাবে।

পরিচালক ও সভাপতি, বিভাগীয় নির্বাচন কমিটি
আন্তঃবাহিনী জনসংযোগ পরিদপ্তর (আইএসপিআর)
প্রতিরক্ষা মন্ত্রণালয়
ঢাকা সেনানিবাস
ঢাকা-১২০৬।